M.A., M.Sc. Part - II (Annual) Examination, 2013
(Under DE Stream)

বাংলা

নবম পাঠক্রম

সময় : দুই ঘণ্টা পূর্ণমান : ৫০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। অলংকার বলতে কী বোঝায় ? ভারতীয় কাব্যশাস্ত্রকে সাধারণভাবে অলংকারশাস্ত্র বলবার কারণগুলি ব্যাখ্যা করুন। ১৫

অথবা

অ্যারিস্টটল ট্রাজেডিতে প্লটকে কেন বেশি গুরুত্ব দিয়েছেন – প্লট ও চরিত্রের আলোচনার মধ্য দিয়ে তা স্পষ্ট করুন।

২। 'সাহিত্যে নবত্ব' ও 'সাহিত্যধর্ম' প্রবন্ধ অনুসরণে আধুনিক সাহিত্য সম্পর্কে রবীন্দ্রনাথের ভাবনার পরিচয় দিন। ১৫

অথবা

রোমান্টিক কাব্যতত্ত্বে কল্পনার ভূমিকা ব্যাখ্যা করুন।

৩। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দিন। ৫×৪=২০

(ক) 'রীতিরাত্মা কাব্যস্য' – এই মতের প্রবক্তা কে ? মতটি ব্যাখ্যা করে বুঝিয়ে দিন।

(খ) ট্রাজেডি ও মহাকাব্যের মূল পার্থক্য বিষয়ে আলোচনা করুন।

(গ) ট্রাজেডির নায়ক চরিত্রের বিশিষ্টতা আলোচনা করুন।

(ঘ) রবীন্দ্রনাথের সাহিত্য-ভাবনায় 'আনন্দ' শব্দের তাৎপর্য ব্যাখ্যা করুন।

(ঙ) অবিবক্ষিত বাচ্য ধ্বনি বলতে কী বোঝায় ব্যাখ্যা করে বুঝিয়ে দিন।

(চ) রবীন্দ্রনাথের সাহিত্যতত্ত্বকে রোমান্টিক গোত্রের তত্ত্ব বলা যায় কিনা বিচার করুন।

(ছ) ক্লাসিক কাব্যতত্ত্বের সঙ্গে তুলনা করে রোমান্টিক কাব্যতত্ত্বের মূল বৈশিষ্ট্যগুলি বুঝিয়ে দিন।

(জ) সাধারণীকরণ বলতে কী বোঝায় ব্যাখ্যা করুন।

M.A., M.Sc. Part - II (Annual) Examination, 2013
(Under DE Stream)

বাংলা

দশম পাঠক্রম

সময় : দুই ঘণ্টা　　　　　　　　　　　　　　　পূর্ণমান : ৫০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। 'চরিত্রহীন' উপন্যাসে মনস্তাত্ত্বিক ঘাত প্রতিঘাত সাবিত্রী ও কিরণময়ী চরিত্রকে কীরূপ পরিণতি দিয়েছে — আলোচনা করুন। ১৫

অথবা

বঙ্কিমচন্দ্র রাজসিংহকে সার্থক ঐতিহাসিক উপন্যাস বলেছেন। — ঐতিহাসিক উপন্যাসের বৈশিষ্ট্য ব্যাখ্যা করে রাজসিংহকে এই অভিধা দেওয়া ঠিক কিনা আলোচনা করুন।

২। 'পথের পাঁচালী' উপন্যাসের সর্বজয়া চরিত্রটির আলোচনা করে বিভূতিভূষণের বাস্তবতাবোধের পরিচয় দিন। ১৫

অথবা

'গণদেবতা' উপন্যাসে দেবু ঘোষকে নায়ক বলা যায় কিনা বুঝিয়ে দিন।

৩। যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দিন। ৪×৫=২০

(ক) 'রাজসিংহ' উপন্যাসে জ্যোতিষ প্রসঙ্গের তাৎপর্য কী ?

(খ) 'রাজসিংহ' উপন্যাসের একটি অংশের নাম 'নন্দনে নরক' – এরকম নাম দেবার কারণ কী ?

(গ) 'পথের পাঁচালী' উপন্যাসে 'পথ' কথাটির তাৎপর্য বিশ্লেষণ করুন।

(ঘ) 'আম আঁটির ভেঁপু' – নামের গুরুত্ব কী ?

(ঙ) 'চরিত্রহীন' উপন্যাসে কোলকাতার মেস বাড়ির কীরূপ চিত্র পাওয়া যায় ?

(চ) 'চরিত্রহীন' উপন্যাসে সুরবালা চরিত্রের উপযোগিতা ব্যাখ্যা করুন।

(ছ) 'গণদেবতা' উপন্যাসে অনিরুদ্ধ কামার গ্রাম ছেড়ে চলে যায় কেন ?

(জ) 'গণদেবতা' উপন্যাসের শেষে ন্যায়রত্নের বাড়ির 'রথযাত্রা' বিষয়টির গুরুত্ব কী ?

M.A., M.Sc. Part - II (Annual) Examination, 2013
(Under DE Stream)

বাংলা

একাদশ পাঠক্রম

সময় : দুই ঘণ্টা পূর্ণমান : ৫০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। "শকুন্তলা অর্দ্ধেক মিরন্দা, অর্দ্ধেক দেসদিমোনা।" —বঙ্কিমচন্দ্র কীভাবে এই সিদ্ধান্তে উপনীত হয়েছেন আলোচনা করে দেখান। ১৫

অথবা

সাহিত্যে আধুনিকতা বিষয়ে আবু সয়ীদ আইয়ুবের বক্তব্য পাঠ্য প্রবন্ধ অবলম্বনে ব্যাখ্যা করুন।

২। উনিশ শতকে ব্রাহ্মসমাজের মধ্যে স্ত্রীশিক্ষা ও স্ত্রী-স্বাধীনতা বিষয়ে যে আন্দোলন সংগঠিত হয়েছিল শিবনাথ শাস্ত্রীর 'আত্মচরিত' অবলম্বনে তার বিস্তৃত বিবরণ দিন। ১৫

অথবা

'বস্তুতন্ত্রতা বস্তু কি' প্রবন্ধটি একটি বিশেষ সাহিত্যিক বিতর্কের প্রেক্ষিতে রচিত। সেই প্রেক্ষিত স্মরণে রেখে বস্তুতন্ত্রতা সম্বন্ধে প্রাবন্ধিকের চিন্তার পরিচয় দিন।

৩। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দিন : ৫×৪=২০

(ক) ইংরেজদের জাতীয় চরিত্র সম্পর্কে শিবনাথ শাস্ত্রীর মতামতের পরিচয় দিন।

(খ) বঙ্গীয় গীতিকাব্য লেখকদিগকে বঙ্কিমচন্দ্র কটি ভাগে বিভক্ত করেছেন ? এদের সাধারণ ধর্ম কী কী ?

(গ) বঙ্গদেশের কৃষকের দুরবস্থা বোঝাতে গিয়ে বঙ্কিমচন্দ্র আইনকে 'তামাসা' বলেছেন কেন সংক্ষেপে ব্যাখ্যা করুন।

(ঘ) আবু সয়ীদ আইয়ুব বোদলেয়ারকে 'জরার কবি' বলে কেন প্রতিপন্ন করতে চেয়েছেন বিচার করুন।

(ঙ) "আর্টের ক্রিয়া অনুকরণ নয়, সৃষ্টি" – প্রমথ চৌধুরীর এই মন্তব্যের আলোকে আর্টের ক্রিয়ার ব্যাখ্যা দিন।

(চ) "ভারতচন্দ্রের সাহিত্যের প্রধান রস হাস্যরস।" – প্রমথ চৌধুরীর এরূপ মন্তব্যের কারণ ব্যাখ্যা করুন।

(ছ) বুদ্ধদেব বসু 'রামায়ণ' প্রবন্ধে বাল্মীকি ও কৃত্তিবাসের জীবনদৃষ্টির কী পার্থক্যের কথা বলেছেন ?

(জ) 'আত্মচরিত' অবলম্বনে দ্বারকানাথ বিদ্যাভূষণের পরিচয় দিন।

M.A., M.Sc. Part - II (Annual) Examination, 2013
(Under DE Stream)

বাংলা

দ্বাদশ পাঠক্রম

সময় : দুই ঘণ্টা পূর্ণমান : ৫০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। রচনার তারিখ বা কালানুক্রমের দিক থেকে বিচার করলে 'চিত্রা' কবিতাটি পরে স্থান পাবার কথা; অথচ কবি এটিকে প্রথম কবিতার মর্যাদা দিয়েছেন। — এর অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করুন। ১৫

অথবা

'পত্রপুট'-এর কবিতাগুলিতে রবীন্দ্রনাথের শেষ বয়সের অনুভূতিতে বিশ্বকে পাওয়ার আকাঙ্ক্ষা ফুটে উঠেছে। আলোচনা করুন।

২। 'বলাকা' কাব্যের কোন কোন কবিতায় কবির 'যৌবনরাগ' -এর পরিচয় পাওয়া যায় ? প্রাসঙ্গিক কবিতাগুলি অবলম্বনে কবির এই অনুভূতির পরিচয় দিন। ১৫

অথবা

'রূপনারাণের কূলে জেগে উঠিলাম' এবং 'প্রথম দিনের সূর্য প্রশ্ন করেছিল' – এই কবিতা দুটিতে কবির কোন্ সত্যানুভূতির রূপ ফুটে উঠেছে ব্যাখ্যা করুন।

৩। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দিন : ৫×৪=২০

(ক) '১৪০০ সাল' কবিতার মূল ভাবটি পরিস্ফুট করুন।

(খ) "স্বার্থমগ্ন যেজন বিমুখ / বৃহৎ জগৎ হতে সে কখনো শেখেনি বাঁচিতে।" – কবি মনোভাবের বিশিষ্টতার পরিচয় দিন।

(গ) 'বলাকা' কাব্যের কতকগুলি কবিতায় কবির ঈশ্বরানুভূতি নূতনরূপে দেখা দিয়েছে। সেই অনুভূতির রূপটি তুলে ধরুন।

(ঘ) তাজমহলকে কবি বলেছেন 'নব মেঘদূত' আর শাজাহানকে বলেছেন 'সম্রাট কবি'। এরকম বলবার কারণ কী ?

(ঙ) 'পত্রপুট' কাব্যের 'আফ্রিকা' কবিতায় লাঞ্ছিত মানবাত্মার প্রতি কবির যে সহানুভূতি ব্যক্ত হয়েছে তা বিবৃত করুন।

(চ) 'আরোগ্য' ও 'জন্মদিনে' কাব্যের কোন কোন কবিতায় কবির ঔপনিষদিক চেতনার যে পরিচয় পাওয়া যায় তা ব্যক্ত করুন।

(ছ) 'জন্মদিনে' কাব্যের ২০ সংখ্যক কবিতায় (বিপুলা এই পৃথিবীর কতটুকু জানি) কবি তাঁর কোন অপূর্ণতার কথা বলেছেন ?

(জ) 'পত্রপুট' কাব্যের 'পৃথিবী' কবিতায় পৃথিবীর কী কী রূপের প্রকাশ ঘটেছে বিবৃত করুন।

M.A., M.Sc. Part - II (Annual) Examination, 2013
(Under DE Stream)

বাংলা

ত্রয়োদশ পাঠক্রম

সময় : দুই ঘণ্টা পূর্ণমান : ৫০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

১। 'ঘরে-বাইরে' দুজন পরস্পর সম্পর্কিত নরনারীর আত্ম-আবিষ্কারের উপন্যাস – আলোচনা করুন। ১৫

অথবা

'রক্তকরবী' নাটকে গানগুলি ব্যবহারের তাৎপর্য লিখুন।

২। রবীন্দ্রনাথ বলেছেন – 'জীবনের স্মৃতি জীবনের ইতিহাস নহে', আবার অন্যত্র বলেছেন – সেই স্মৃতিচিত্রগুলি 'সাহিত্যের সামগ্রী' । 'জীবনস্মৃতি' অবলম্বনে রবীন্দ্রনাথের এই বক্তব্য স্পষ্ট করুন। ১৫

অথবা

'মেঘদূত' প্রবন্ধে আছে কবির 'মেঘদূত' কাব্যপাঠ প্রতিক্রিয়া – তাকে কাব্য সমালোচনা অপেক্ষা নতুন সৃষ্টি বলাই অধিকতর সঙ্গত। এই মন্তব্যের গ্রহণযোগ্যতা বিচার করুন।

৩। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দিন : ৫×৪=২০

(ক) 'ঘরে-বাইরে' উপন্যাসে মাষ্টারমশাই চরিত্রটির ভূমিকা কী ?

(খ) দাম্পত্যকে নিখিলেশ 'নিছক সংসারযাত্রা' বলে না ভেবে জীবনের বিকাশ বলে ভেবেছে। এতে তার মনের কী পরিচয় পাওয়া যায় ?

(গ) 'জীবনস্মৃতি' গ্রন্থে হিমালয়যাত্রা অধ্যায়ের গুরুত্ব আলোচনা করুন।

(ঘ) 'জীবনস্মৃতি' গ্রন্থে বিধৃত ঠাকুরবাড়ির পারিবারিক আবহাওয়ার পরিচয় দিন।

(ঙ) 'রক্তকরবী' নাটকে রাজা জালের আড়ালে থাকে। এই জালের কি কোনো প্রতীকী তাৎপর্য আছে ?

(চ) 'রাজসিংহ' প্রবন্ধে রবীন্দ্রনাথ উপন্যাসটির কোন্ বৈশিষ্ট্যের উপর জোর দিয়েছেন ?

(ছ) 'সভ্যতা' কথাটি প্রাচীনকালে কী অর্থে ব্যবহৃত হত ? বর্তমানে কথাটি কী অর্থে ব্যবহৃত হচ্ছে ?

(জ) রবীন্দ্রনাথ 'কালান্তর' প্রবন্ধে কেন বলেছেন য়ুরোপীয় সভ্যতার মশালটি আলো জ্বালাবার জন্য নয়, আগুন লাগাবার জন্য ?

M.A., M.Sc. Part - II (Annual) Examination, 2013
(Under DE Stream)

বাংলা

চতুর্দশ পাঠক্রম

বিশেষ পত্র

সময় : দুই ঘণ্টা | পূর্ণমান : ৫০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

(মধ্যযুগের বাংলা মঙ্গল, আখ্যান ও অনুবাদ কাব্য)

১। মঙ্গলকাব্যগুলির দেবদেবী ভাবনায় যে বৈচিত্র্য লক্ষ্য করা যায় তার পরিচয় দিন। ১৫

অথবা

বাংলা আখ্যানকাব্যগুলি রচনার প্রেক্ষাপট বিশ্লেষণ করুন।

২। বাংলা অনুবাদ কাব্যের বিষয় এসেছে দু'ভাবে – প্রথমত রাজন্য তার রুচির পোষকতা করতে আর দ্বিতীয়ত, সাধারণ মানুষের আসরে জনরুচি ও চাহিদাকে আকর্ষণ করতে – মন্তব্যটি যুক্তিযুক্ত কিনা বিচার করুন। ১৫

অথবা

চৈতন্য জীবন ও বৃন্দাবনের গোস্বামীদের বৈষ্ণব ধর্মাদর্শ কীভাবে বাংলা সাহিত্যকে সমৃদ্ধ করে তোলে — উদাহরণসহযোগে আলোচনা করুন।

৩। যে কোনো *চারটি* প্রশ্নের উত্তর দিন : ৫×৪ ২০

(ক) 'চর্যাপদ' পুথিটির পরিচয় দিন।

(খ) 'রয়ানি' ও 'জাগরণ' বলতে কী বোঝায় ?

(গ) পাঠভেদ কী ? — দৃষ্টান্তসহ বলুন।

(ঘ) ভণিতা কাকে বলে ? এই শব্দের উৎস কী ?

(ঙ) কাল নির্ণয় করুন :

গ্রহ সিন্ধু ঋতু শশী শাকের গণনা।
এই শকে এই কাব্য করিল রচনা।

(চ) বাংলা লিপির উদ্ভব সম্পর্কে সংক্ষেপে বলুন।

(ছ) শকাব্দ নির্ণয় করুন ঃ

গজ বসু ঋতু চন্দ্র শাকে গ্রন্থ হয়।
চণ্ডীর আদেশ পায়্যা রামানন্দ কয়।

(জ) পুথির লেখপত্র কীভাবে প্রস্তুত করা হয়, বলুন।

(উপন্যাস ও ছোটগল্প)

১। ঐতিহাসিক উপন্যাস কাকে বলে ? ইতিহাসাশ্রয়ী ও ঐতিহাসিক উপন্যাসের পার্থক্য আলোচনা করুন। বাংলা ভাষায় রচিত দুটি ঐতিহাসিক উপন্যাসের সম্পর্কে আলোচনা করুন। ১৫

অথবা

উপন্যাসের চরিত্র নির্মাণের প্রধান কৌশলগুলি কী কী – উপযুক্ত উদাহরণ দিয়ে ব্যাখ্যা করুন।

২। ছোটগল্পের সংজ্ঞা নির্দেশ করে কথাসাহিত্যের এই নবীনতম ধারাটির আঙ্গিক ও ভাষারীতি সম্পর্কে আলোচনা করুন। ১৫

অথবা

একাঙ্ক নাটকের সঙ্গে ছোটগল্পের সাদৃশ্য ও বৈসাদৃশ্য উদাহরণসহ বুঝিয়ে দিন।

৩। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দিন : ৫×৪=২০

(ক) উপন্যাসে ভাষা ব্যবহারের কৌশলগুলি আলোচনা করুন।

(খ) উপন্যাসে চেতনাপ্রবাহরীতি বলতে কী বোঝায় ?

(গ) মহাকাব্যের সঙ্গে উপন্যাসের সম্পর্ক ও পার্থক্য আলোচনা করুন।

(ঘ) সাধারণভাবে ছোটগল্পের পরিণতি কত ধরনের হয় ? সেগুলির বৈশিষ্ট্য লিখুন।

(ঙ) একালের ছোটগল্পের সঙ্গে প্রাচীন গল্পের পার্থক্য কোথায় ?

(চ) কল্লোল যুগের ছোটগল্পের বৈশিষ্ট্যগুলি কী কী ?

(ছ) একালের ছোটগল্পের জীবনভাবনার মূলে গোগলের 'ওভারকোট' গল্পের গুরুত্ব কী ?

(জ) এয়ী উপন্যাস বলতে কী বোঝায় ? দুটি উদাহরণ দিন।

M.A., M.Sc. Part - II (Annual) Examination, 2013
(Under DE Stream)

বাংলা

পঞ্চদশ পাঠক্রম

বিশেষ পত্র

সময় : দুই ঘণ্টা পূর্ণমান : ৫০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

(মধ্যযুগের বাংলা মঙ্গলকাব্য, আখ্যানকাব্য ও অনুবাদ কাব্য)

১। 'মনসাবিজয়' কাব্য অবলম্বনে কবির হাস্যরস সৃষ্টির দক্ষতার পরিচয় দিন। ১৫

অথবা

কোনো সমালোচক মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যে উপন্যাসের ধর্ম লক্ষ করেছেন। কাব্যের বিষয় ও চরিত্র নির্মাণরীতি আলোচনা করে এ বিষয়ে আপনার মত ব্যক্ত করুন।

২। ধর্মমঙ্গল কাব্য অবলম্বনে রঞ্জাবতী চরিত্র বিশ্লেষণ করুন। ১৫

অথবা

শিবায়ন কাব্যে কবি লোকজ উপাদান ব্যবহার করে সে যুগের লোকজীবনের যে ঘনিষ্ঠ পরিচয় দিয়েছেন তা আলোচনা করে দেখান।

৩। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দিন : ৫×৪=২০

(ক) 'মনসাবিজয়' কাব্য অবলম্বনে চণ্ডী চরিত্র সংক্ষেপে বিশ্লেষণ করুন।

(খ) মুরারী শীল চরিত্রটি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

(গ) 'কালকেতুর ভোজন' অংশে ব্যাধজীবনের বাস্তবতার সঙ্গে কবির পরিহাসকুশলতার মেলবন্ধন ঘটেছে। — আলোচনা করুন।

(ঘ) ধর্মমঙ্গল কাব্যে জামতিপালার গুরুত্ব বিচার করুন।

(ঙ) ধর্মমঙ্গল কাব্যে লাউসেনের যুদ্ধবিদ্যা শিক্ষার বিবরণ দিন।

(চ) রামেশ্বরের 'শিবায়ন' অবলম্বনে পার্বতী চরিত্র বিশ্লেষণ করুন।

(ছ) শিবায়ন কাব্যে কবি রামেশ্বরের আবির্ভাবকাল সম্পর্কে যা জানেন আলোচনা করুন।

(জ) মনসাবিজয় কাব্যে চাঁদের মহাজ্ঞান হরণের বর্ণনায় কবি কী কৌশল অবলম্বন করেছেন ?

(উপন্যাস ও ছোটগল্প)

১। 'চতুরঙ্গ' উপন্যাসে শচীনের আত্মানুসন্ধানের কাহিনী বর্ণিত হয়েছে। – আলোচনা করুন। ১৫

অথবা

চেতনাপ্রবাহ রীতির উপন্যাস হিসেবে 'অন্তঃশীলা'-র সার্থকতা বিচার করুন।

২। 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসের নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করুন। ১৫

অথবা

'তিতাস একটি নদীর নাম' উপন্যাসে তিতাস নদীর ভূমিকা ব্যাখ্যা করুন।

৩। যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দিন : ৫×৪=২০

(ক) চতুরঙ্গ উপন্যাসে জ্যাঠামশাই চরিত্রের ভূমিকা কী ?

(খ) চতুরঙ্গ উপন্যাসের কথক শ্রীবিলাস কেন ?

(গ) জীবন মশাইয়ের জীবনে 'কালো বউ'-এর তাৎপর্য ব্যাখ্যা করুন।

(ঘ) 'অন্তঃশীলা' উপন্যাসে আদালত চিত্রের তাৎপর্য বিচার করুন।

(ঙ) 'পুতুলনাচের ইতিকথা' উপন্যাসে যামিনী কবিরাজের মৃত্যুর তাৎপর্য কী ?

(চ) 'তিতাস একটি নদীর নাম' – একটি নামহীন চরিত্রের নামহীনতার কারণ কী ?

(ছ) 'অন্তঃশীলা' উপন্যাসে একটি খেলার কথা বারবার আছে – কেন ?

(জ) কুসুম শশীর বাগানের গোলাপের চারা মাড়িয়ে দেয় – এর কারণ কী ?

PG-II(DE)/2013

M.A., M.Sc. Part - II (Annual) Examination, 2013
(Under DE Stream)

বাংলা

ষোড়শ পাঠক্রম

বিশেষ পত্র

সময় : দুই ঘণ্টা পূর্ণমান : ৫০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

(মধ্যযুগের বাংলা মঙ্গলকাব্য, আখ্যান ও অনুবাদ কাব্য)

১। বাংলার সমাজ-সংস্কৃতিই কৃত্তিবাসী রামায়ণে মুখ্য হয়ে উঠেছে। বিচার করুন। ১৫

অথবা

'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যের কাহিনী নির্মাণ ও চরিত্র সৃষ্টিতে মালাধর বসুর কৃতিত্বের পরিচয় দিন।

২। 'গোপীচন্দ্রের গান'-এর ময়নামতী চরিত্র বিশ্লেষণ করে তার অনন্যতার পরিচয় দিন। ১৫

অথবা

'পদ্মাবতী' কাব্যে কবি আলাওলের অনুবাদ দক্ষতা, মূলানুগত্য এবং মৌলিকতার পরিচয় দিন।

৩। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দিন : ৫×৪=২০

(ক) অরণ্যকাণ্ডে শূর্পনখা চরিত্রের গুরুত্ব আলোচনা করুন।

(খ) মালাধরের 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যে কবির ব্যক্তিজীবনের যে পরিচয় পাওয়া যায় তা বিবৃত করুন।

(গ) 'গোপীচন্দ্রের গানে' যে আর্থিক সমৃদ্ধি ও তার বিপর্যয়ের ছবি পাওয়া যায় তার বর্ণনা দিন।

(ঘ) 'পদ্মাবতী' কাব্যে পদ্মাবতী-রত্নসেনের বিবাহের বর্ণনা দিন।

(ঙ) 'গোপীচন্দ্রের গান'-এর ময়নামতীর তৈল পরীক্ষার বিবরণ দিন।

(চ) 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যে মঙ্গলাচরণ ও দেবতা বন্দনা অংশ বিশেষ তাৎপর্যপূর্ণ – আলোচনা করুন।

(ছ) হিন্দু পুরাণ সম্পর্কে পদ্মাবতীর কাব্যে আলাওলের যে জ্ঞানের পরিচয় পাওয়া যায় তা বিশ্লেষণ করে দেখান।

(জ) 'পদ্মাবতী' কাব্যে বর্ণিত রোসাঙ রাজসভার পরিচয় দিন।

(উপন্যাস ও ছোটগল্প)

১। চরিত্রের মনোবিশ্লেষণে এবং অন্তঃরহস্য উদ্‌ঘাটনে 'নষ্টনীড়' নিছক ত্রিকোণ প্রেমের কাহিনী না হয়ে এক ভিন্নতর তাৎপর্য লাভ করেছে। আলোচনা করুন। ১৫

অথবা

খাদ্য সংকট এবং বস্ত্র সংকটের পটভূমিকায় লেখা মানিক বন্দ্যোপাধ্যায়ের গল্পগুলির বিশেষত্ব আলোচনা করুন।

২। প্রাচীন সামন্তপ্রথা সম্পর্কে গভীর মমত্ববোধ থাকা সত্ত্বেও তারাশঙ্কর 'জলসাঘর' গল্পে কেমনভাবে তার ভাঙনের বিশ্বস্ত রূপদান করেছেন, দেখান। ১৫

অথবা

সুবোধ ঘোষ মধ্যবিত্ত চেতনার নির্মম রূপকার। পঠিত গল্প অবলম্বনে উক্তিটির যাথার্থ্য বিচার করুন।

৩। যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দিন। ৫×৪=২০

(ক) 'পৌষলক্ষ্মী' গল্পে মুকুন্দের মৃত্যুর তাৎপর্য কী ?

(খ) 'কালাপাহাড়' গল্পটির মূল ভাব স্পষ্ট করুন।

(গ) 'তারিণী মাঝি' গল্পে তারিণী মাঝির সত্তার গভীরে ময়ূরাক্ষী কতোখানি ক্রিয়াশীল ছিল ?

(ঘ) 'কুষ্ঠরোগীর বৌ' গল্পের সমাপ্তিতে স্বামীর প্রতি মহাশ্বেতার মনোভাবের কী পরিচয় ফুটে ওঠে ?

(ঙ) 'অযান্ত্রিক' গল্পে জগদ্দল প্রসঙ্গে জৈব উপমাগুলি ব্যবহারের তাৎপর্য পরিস্ফুট করুন।

(চ) 'ডাইনী' গল্পের প্রারম্ভে এবং অন্তিমে প্রকৃতির চিত্র উপস্থাপন করেছেন তারাশঙ্কর। এর তাৎপর্য কী ?

(ছ) 'সুন্দরম' নিরাশ্রয় নারীর প্রতি সামাজিক নির্যাতনের এক নির্মম আখ্যান — এই মন্তব্যের যৌক্তিকতা বিচার করুন।

(জ) 'নাতজামাই' শব্দে আছে সরস কৌতুকের ব্যঞ্জনা। 'হারাণের নাতজামাই' গল্প অবলম্বনে মন্তব্যটি সংক্ষেপে আলোচনা করুন।

M.A., M.Sc. Part - II (Annual) Examination, 2013
(Under DE Stream)

বাংলা

সপ্তদশ পাঠক্রম

বিশেষ পত্র

সময় : দুই ঘণ্টা পূর্ণমান : ৫০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন।

(মধ্যযুগের বাংলা মঙ্গলকাব্য, আখ্যান ও অনুবাদ কাব্য)

১। যে-কোনো ***একটি*** বিষয়ে প্রবন্ধ রচনা করুন ঃ ৫০

(ক) বাংলা সাহিত্যে চৈতন্য প্রভাব।

(খ) মধ্যযুগের বাংলা মঙ্গলকাব্যে প্রান্তবর্গীয় জীবনচিত্র।

(গ) তুর্কী আক্রমণ : মধ্যযুগের বাংলা সাহিত্যে এর প্রভাব ও প্রতিক্রিয়া।

(ঘ) মধ্যযুগের বাংলা অনুবাদকাব্য।

(ঙ) মধ্যযুগের বাংলা দৈবপ্রভাবমুক্ত আখ্যানকাব্য।

(চ) মঙ্গলকাব্যে নারীচরিত্র অঙ্কনে কবিদের কৃতিত্ব।

(উপন্যাস ও ছোট গল্প)

১। যে-কোনো *একটি* বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করুন ঃ ৫০

(ক) বাংলা মনস্তাত্ত্বিক উপন্যাস।

(খ) রবীন্দ্র উপন্যাসের আধুনিকতা।

(গ) শরৎচন্দ্রের উপন্যাসে নারী জীবন।

(ঘ) বাংলা ছোটগল্পে তারাশঙ্করের অবদান।

(ঙ) বাংলা ছোটগল্পে মধ্যবিত্তের জীবন সংকট।

(চ) একালের বাংলা ছোটগল্পের জীবনভাবনা ও শিল্পরূপ।